


বন্ধ্যাকরণ



ক্যাটস প্রোটেকশন
প্রয়োজনীয় নির্দেশিকা



ক্যাটস প্রোটেকশন বিশ্বাস করে যে বিড়ালের দায়িত্বশীল মালিকানার একটি গুরুত্বপূর্ণ অংশ হল আপনার বিড়ালের বন্ধ্যাস্থকরণ।

বন্ধ্যাস্থকরণ কি?

বন্ধ্যাস্থকরণ হল একটি অস্ত্রপচারমূলক পদ্ধতি যেটি রানী হিসাবে পরিচিত স্ত্রী বিড়ালদের গর্ভবতী হওয়া এবং টম হিসাবে পরিচিত পুরুষ বিড়ালদের, স্ত্রী বিড়ালদের গর্ভবতী করে দেওয়া, প্রতিরোধ করে।

- একটি স্ত্রী বিড়ালকে বন্ধ্যা করা হয় তাতার গর্ভাশয় এবং জরায়ু বাদ দেওয়া হয়)
- একটি পুরুষ বিড়ালকে বন্ধ্যা করা হয় (তার শুক্রাশয় বাদ দেওয়া হয়)

ক্যাটস প্রোটেকশন গৃহপালিত বিড়ালদের চার মাস বয়স থেকে বন্ধ্যা করানোর সুপারিশ করে, কিন্তু প্রতিটি স্বতন্ত্র বিড়ালের ক্ষেত্রে আপনার পশু চিকিৎসকের কাছ থেকে আপনার পরামর্শ নেওয়া উচিত।



কেন বন্ধ্যা করা হয়?

বন্ধ্যাস্বকরণের অনেকগুলি স্বাস্থ্যমূলক উপযোগিতা আছে, একই সঙ্গে তা ইউ কে-এর অযাচিত বিড়ালের সংখ্যা হ্রাস করতে সাহায্য করে।

বন্ধ্যা পুরুষ বিড়ালরা :

- অনেক কম ঘোরাঘুরি করবে, তাদের চাপা পড়ার ঝুঁকি কমে যাবে
- অনেক কম মারামারি করবে, তাদের আহত হওয়ার ঝুঁকি কমে যাবে
- মারামারি করার মাধ্যমে গুরুতর রোগ যেমন ফেলাইন ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস (FIV) বা ফেলাইন লিউকোমিয়া ভাইরাস (FeLV)-এর সংস্পর্শে অনেক কম আসবে।
- প্রস্রাব করে দেওয়া জাতীয় দখলদারী আচরণ অনেক কম প্রদর্শন করে
- শূক্রাশয়ে টিউমার তৈরী হতে পারে না

বন্ধ্যা স্ত্রী বিড়ালরা :

- গর্ভবতী হয়ে পড়তে পারে না এবং অযাচিত অনেক বাচ্চা জন্মাতে পারে না
- প্রজননকালে বন্ধ্যা না করা রানীদের মতন, ডাকের বা বিলাপের সাড়া দেয় না
- কামড়ের মাধ্যমে ছড়িয়ে পড়া রোগ যেমন FIV এবং FeLV -র সংস্পর্শে অনেক কম আসে
- গর্ভাশয় বা জরায়ুর ক্যান্সার হয় না
- স্তনের ক্যান্সার কম হয় - বিশেষ করে ছয় মাসের চেয়ে কম বয়সে বন্ধ্যা করে দিলে



অস্ত্রপচার

আপনার বিড়ালটিকে এই দিনটিতে অজ্ঞান করানো হবে, তাই অস্ত্রপচারের পূর্বে তাকে কোন খাদ্য দেওয়া যাবে না - আপনার পশু চিকিৎসক আপনাকে এই ব্যাপারে পরামর্শ দেবেন। পুরুষ এবং স্ত্রী উভয় বিড়ালের অস্ত্রপচারই খুব সরল এবং সাধারণত সেইজন্য আপনি তাকে একই দিনে নিয়ে আসতে এবং ফেরত নিয়ে যেতে পারেন।

স্ত্রী বিড়ালদের একটা ছোট অংশের লোম কামানো হবে; এই লোমগুলি কয়েক সপ্তাহের মধ্যে পুনরায় গজিয়ে যাবে। স্ত্রী বিড়ালদের কতগুলো সেলাইও করা হবে। যদি এগুলি মিলিয়ে না যায়, তাহলে অস্ত্রপচারের দশ দিন পরে পশু চিকিৎসক সেগুলো খুলে দেবেন।

বিড়ালরা সাধারণত অস্ত্রপচারের পরে খুব দ্রুত সেরে ওঠে। আপনার বিড়ালটি সেরে ওঠার পর তার বিশেষ যত্নের বিষয়ে আপনার পশু চিকিৎসক আপনাকে পরামর্শ দেবেন।

এর জন্য কত খরচ হবে?

আপনি দেশের কোন অংশে বসবাস করেন এবং আপনি কোন পশু চিকিৎসককে দেখান তার উপর নির্ভর করে অস্ত্রপচারটির জন্য খরচের পার্থক্য হয়ে থাকে। একটি পুরুষ বিড়ালের জন্য গড় খরচ £20 থেকে £40 হয়ে থাকে এবং একটি স্ত্রী বিড়ালের জন্য গড় খরচ £30 থেকে £60 হয়ে থাকে। অস্ত্রপচারটি করানোর পূর্বে আপনার পশু চিকিৎসক আপনাকে সানন্দে একটা খরচের হিসাব দেবেন। বন্ধ্যত্বকরণের জন্য খরচের জোগানোর মাধ্যমে বিড়ালের মালিকদের সুবিধা দিতে বা কম আয়ের ব্যক্তিদের সহায়তা করতে ক্যাটস প্রোটেকশন অর্থনৈতিক সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য www.cats.org.uk -এ যান বা 08702 099 099-এ ফোন করুন।



বন্ধ্যাস্বকরণের ঘটনাগুলি

বন্ধ্যাস্বকরণের বিষয়ে অনেক গল্প ছড়িয়ে আছে। রেকর্ডগুলো সরাসরি জানানোর জন্য, এখানে ঘটনাগুলো দেওয়া হল :

- প্রায় 2.5 বিলিয়ন রাস্তার বিড়াল ইউকে-তে বসবাস করছে
- একটিমাত্র বন্ধ্যা না করা বিড়াল শুধুমাত্র পাঁচ বছর সময়েই 20,000 উত্তরাধিকারীর জন্য দায়বদ্ধ হতে পারে
- কেবলমাত্র চার মাস বয়স থেকেই বিড়ালরা যৌনতার দিক থেকে সক্রিয় হয়ে উঠতে পারে
- বন্ধ্যা করে দেওয়ার পূর্বে 'কেবলমাত্র একবার প্রসব করাও' বিড়ালটির জন্য উপকারী নয়।
- বিড়ালের গর্ভকাল (গর্ভাবস্থার সময়কাল) কেবলমাত্র নয় সপ্তাহ এবং একবার জন্ম দেওয়ার মাত্র ছয় সপ্তাহ পর থেকে একটি স্ত্রী বিড়ালের আবার প্রজননকাল শুরু হয়ে যেতে পারে
- একটি বিড়ালের পক্ষে গর্ভাবস্থা এবং মাতৃস্থ শারীরিকভাবে খুবই প্রভাব ফেলে - ক্রমাগত গর্ভাবস্থার জন্য তাদের মূল্য দিতে হয়
- বিড়ালরা তাদের ভাই এবং বোনদের সঙ্গে প্রজনন করে
- এক বছরে একটি বিড়াল তিনবার পর্যন্ত প্রসব করতে পারে যে সবক্ষেত্রে প্রতিবার প্রসবে পাঁচ থেকে ছয়টি করে ছানা হয়। যার ফলে কেবলমাত্র একটি বিড়ালের ছানাদের জন্যই প্রতি বছরে 18 টি করে পালকের গৃহ ক্যাটস প্রোটেকশনকে খুঁজে এক বছরে একটি বিড়াল তিনবার পর্যন্ত প্রসব করতে পারে যে সবক্ষেত্রে প্রতিবার প্রসবে পাঁচ থেকে ছয়টি করে ছানা হয়।

এই পুস্তিকাটি বিড়ালের যত্ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপরে ক্যাটস প্রোটেকশন দ্বারা প্রদত্ত এক সারি পুস্তিকার অন্যতম।

ক্যাটস প্রোটেকশন ইউকে (UK)-র নেতৃস্থানীয় বিড়ালের মঙ্গল সংক্রান্ত দাতব্য সংস্থা এবং তারা প্রতি বছর প্রায় 140,000 বিড়াল ও বিড়াল শাবককে সহায়্য করে। এই গুরুত্বপূর্ণ মঙ্গলসাধনের কাজের অর্থ জোগানোর জন্য আমরা সম্পূর্ণরূপেই জনগণের উদারতার উপরে নির্ভর করি।

পোষার জন্য বিড়াল নেওয়া, আমাদের জন্য স্বেচ্ছাসেবা করা বা দান দেওয়া সংক্রান্ত অধিক তথ্যের জন্য www.cats.org.uk-এ যান।



Cats Protection, National Cat Centre,
Chelwood Gate, Nr Haywards Heath RH17 7TT
সহায়তলাইন : 08702 099 099 ইমেল : cp@cats.org.uk
নথিভুক্ত দাতব্য সংস্থা 203644 EG05-2007 কোড : 4065